



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-৩১০/ক/স্ব/০৩/১১৮

তারিখ: ৩০/০৫/২০১৯

বিষয়: গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন ‘উদয়ন বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়’ এ এডহক কমিটি গঠন ও অধ্যক্ষ নিয়োগের বিষয়ে গৃহীত পদক্ষেপ সম্পর্কে অবহিত করণ প্রসঙ্গে।

স্মাৰক: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.১০৮ তারিখ: ০৮/৫/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন ‘উদয়ন বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়’ এর ছাত্র অভিভাবক জনাব দিলীপ দাস, এর আবেদনের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বোর্ডকে একটি পত্র দেয়া হয়, যার স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.২৯. ০০ ২.২০১৫.০৮ তারিখ: ০৩/০১/২০১৮। উক্ত পত্রের আলোকে অত্র প্রতিষ্ঠানে এম.পি.ও বিহীন অধ্যক্ষের স্থলে এম.পি.ও ভূক্ত প্রধান শিক্ষক নিয়োগ করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক পরপর ০৩(তিনি)টি পত্র যার স্মারক নং- যথাক্রমে ৬৭৮, তারিখ: ১১/০৭/২০১৮, স্মারক নং-২১৯, তারিখ: ০১/১০/২০১৮ এবং স্মারক নং-৪৫৯, তারিখ: ০৫/০২/২০১৯ এর মাধ্যমে নির্দেশনা ও কারণ দর্শনো নোটিশ প্রদান করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও সভাপতি অব্যবধি এ ব্যাপারে কোন ব্যবস্থা নেননি। অধিকন্তু অনলাইনে ভারপ্রাপ্ত অধ্যক্ষ এডহক কমিটি গঠনের আবেদন করেছেন। মন্ত্রণালয় ও বোর্ডের নির্দেশনাবলী বারবার অঙ্গাহ্য করায় এবং প্রবিধানমালা ২০০৯ এর আলোকে কথিত অধ্যক্ষের বৈধতা না থাকায় বোর্ড তা স্থগিত রাখে। এছাড়া অধ্যক্ষের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্ত করার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ কে গত ০৭/০৬/২০১৮ তারিখে স্মারক নং- ৩১০/ক/স্ব/০৩/২০২৫ মোতাবেক পত্র দেয়া হয় কিন্তু অব্যবধি এরও কোন জবাব পাওয়া যায়নি।

উল্লেখিত বিষয়ের প্রেক্ষিতে ইতিমধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কে সভাপতি মনোনয়ন দিয়ে জেলা শিক্ষা অফিসার কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্য হতে একজন শিক্ষক প্রতিনিধি এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক একজন অভিভাবক সদস্য নিয়োগের নিমিত্তে এডহক কমিটি গঠনের দায়িত্ব দেয়া হয়েছে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ-

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

উপসচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বেসরকারি মাধ্যমিক-১ শাখা

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মেমো নং- ১১৮(৮)

তারিখ: ৩০/০৫/২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দণ্ড, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২। চেয়ারম্যান এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ।
- ৪। জনাব দিলীপ দাস, গ্রাম: মহাটালী, পো: উজানী, উপজেলা: মুকসুদপুর, জেলা: গোপালগঞ্জ।
- ৫। অফিস কপি।

MD HARUN-OR-RASHID
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা

Md. Md. Aminul Islam